## আর্লি চাইল্ডহুড ফ্রেমওয়ার্ক ফর কোয়ালিটি (EFQ)

**EFQ কি?**

DOE ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন (DECE)-এর মূলমন্ত্র হল পুরো দেশের মধ্যে সবচেয়ে সেরা আর্লি কেয়ার এবং শিক্ষণ পদ্ধতি তৈরী করা, যেন নিউ ইয়র্ক সিটির সকল শিক্ষার্থী তার পূর্ণ সম্ভাবনায় বিকশিত হবার ন্যায্য সুযোগ পায়। এই মূলমন্ত্রকে সহায়তা করার লক্ষ্যে, DECE একটি আর্লি চাইল্ডহুড ফ্রেমওয়ার্ক ফর কোয়ালিটি (EFQ) প্রস্তুত করেছে, যা নিউ ইয়র্ক সিটিতে উচ্চমানের আর্লি চাইল্ডহুড প্রোগ্রামিংয়ে আমাদের শেয়ারকৃত দৃষ্টিভঙ্গী বর্ণনা করে।

প্রোগ্রামগুলো EFQ ব্যবহার করে সকল শিক্ষার্থী এবং পরিবারদের জন্য একটি ইতিবাচক ফলাফল প্রদানে তাদের চর্চাকে গাইড করার জন্য। DECE স্টাফ EFQ-কে অন-সাইট সহযোগিতা এবং পেশাগত শিক্ষাসহ, প্রোগ্রামগুলোকে উচ্চমান সম্পন্ন সহযোগিতা প্রদানের ভিত্তি হিসেবে ব্যবহার করে। এই রিসোর্স নিশ্চিত করে যে DOE-এর সকল আর্লি চাইল্ডহুড প্রোগ্রাম, সেগুলোর সেটিং অথবা অবস্থান যাই হোক না কেন, সমান স্ট্যান্ডার্ডে দায়বদ্ধ করবে এবং সমমানের প্রত্যাশা পূরণ করতে সহযোগিতা করবে।


2019-2020 স্কুল বছরের শুরুতে, DOE আর্লি চাইল্ডহুড সিস্টেম 6 সপ্তাহ থেকে 5 বছর পর্যন্ত ছেলেমেয়েদের জন্য প্রোগ্রাম অন্তর্ভূক্ত করবে। সকল বয়স এবং প্রকারের প্রোগ্রামকে দায়বদ্ধ করতে, এই ফ্রেমওয়ার্ক হেমন্ত (ফল), 2019-এ বিদ্যমান প্রোগ্রাম কোয়ালিটি স্ট্যান্ডার্ড (PQS) স্থলাভিষিক্ত করবে। EFQ নিম্নলিখিতের সাথে কাছাকাছিভাবে সামঞ্জস্যপূর্ণ:

- ফ্রেমওয়ার্ক ফর গ্রেট স্কুলস্, যেটা প্রি-K থেকে 12 অব্যাহতর জন্য সামগ্রিকভাবে স্কুল উন্নত করায় DOE-এর দৃষ্টিভঙ্গী;
- ইক্যুইটি অ্যান্ড এক্সেলেন্স ফর অল-এর জন্য DOE-এর অঙ্গীকার;
- দ্যা হেড স্টার্ট প্রোগ্রাম পার্ফরমেন্স স্ট্যান্ডার্ড (HSPPS), যা ফেডারেল অর্থায়নের বাধ্যতামূলক হেড স্টার্ট এবং আর্লি হেড স্টার্ট প্রোগ্রামসমূহ;
- আর্লি চাইল্ডহুড-এর মান বিষয়ক মূখ্য জাতীয় গবেষণা; এবং
- DECE স্টাফ, প্রোগ্রাম, এবং কমিউনিটি পার্টনারদের দক্ষতা এবং অভিজ্ঞতা।

**EFQ কীভাবে সংঘটিত?**

EFQ 6টি **উপাদান** দিয়ে গঠিত, যা ফ্রেমওয়ার্ক ফর গ্রেট স্কুলস্ (FFGS) এর উপাদানসমূহের সমমানের আর্লি চাইল্ডহুডের উচ্চ-পর্যায়ের, গবেষণা ভিত্তিক নীতি। প্রতিটি উপাদান কয়েকটি চর্চাকে চিহ্নিত করে, অথবা এই নীতিগুলো প্রদর্শন করতে কার্যপ্রক্রিয়া যা প্রোগ্রামের নেতৃবৃন্দ এবং শিক্ষকগণ গ্রহণ করতে পারে। উপাদান এবং চর্চাসমূহ সকল আর্লি চাইল্ডহুড বয়সের গ্রুপ এবং সেটিংয়ের জন্য প্রযোজ্য।

প্রতিটি উপাদানের অধিনে যে চর্চাগুলো সেগুলো গুরুত্ব অনুযায়ী তালিকাভুক্ত করা হয়নি, এবং সেগুলো একটির চর্চার চেয়ে অন্য চর্চার গুরুত্ব বেশী তাও কোনোরুপ ইঙ্গিত করা হয়নি। বরং, সেগুলো একটির সাথে অন্যটি সম্পৃক্ত এবং, যখন সম্পৃক্ত, এই উপাদানগুলোর কার্যকলাপ, আচরণ, এবং দক্ষতা আমাদের আরো ভালোভাবে বুঝতে সাহায্য করে। ভিজ্যুয়ালে যেভাবে ইঙ্গিত করা হয়েছে, প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দলের অধিনের বেশীরভাগ চর্চার সমান্তরাল চর্চা পাওয়া যাবে প্রোগ্রামের শিক্ষা প্রদানকারী দলে।



ডিভিশন অভ আর্লি চাইল্ডহুড এডুকেশন (DECE) বিশ্বাস করে যে উচ্চ-মানসম্পন্ন 0-5 প্রোগ্রামসমূহ...

1. **ভিন্নতাকে সম্মান এবং মূল্য দেয়।** প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল একটি কমিউনিটি তৈরীর মাধ্যমে আস্থা তৈরী করে যেখানে শিক্ষার্থী, পরিবার এবং স্টাফরা স্বাগত এবং অন্তর্ভূক্ত বোধ করে, বরণ করে নেয় বিভিন্ন প্রকার বৈচিত্র্যময়তা - এর মাঝে অন্তর্ভূক্ত, কিন্ত এতেই সীমাবদ্ধ নয়: বর্ণ, গোত্র, আর্থসামাজিক স্ট্যাটাস, বাড়ির ভাষা, জাতি, অভিবাসনের স্ট্যাটাস, সামর্থ্য, বিশেষ চাহিদা, ধর্ম, লিঙ্গ, লৈঙ্গিক প্রকাশ, যৌন অভিব্যক্তি, আবাসনগত অবস্থা, এবং সাংস্কৃতিক পটভূমি এবং অভিজ্ঞতা। {আস্থা}

2. **নিরাপদ এবং ইতিবাচক পরিবেশ তৈরী করে।** প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল শিক্ষার্থী, পরিবার এবং স্টাফদের জন্য স্বাস্থ্যকর, যত্নশীল, এবং ভবিষ্যৎবাচ্য পরিবেশ তৈরী করে। {সহায়ক পরিবেশ}

3. **প্রগতিশীল খেলাচ্ছলে শেখা এবং সংবেদনশীল শিক্ষানির্দেশনা।** প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল শিক্ষার্থীদের বিভিন্ন খেলা-ভিত্তিক এবং ক্রমবিকাশী যথাযথ শিক্ষা অভিজ্ঞতায় সম্পৃক্ত করে, এবং শিক্ষার্থী যেসব বিষয়ে ভাল, তার পছন্দ, এবং প্রয়োজনের উপর ভিত্তি করে শিক্ষা নির্দেশনা নিশ্চিত করবে। {কঠোর শিক্ষানির্দেশনা}

4. **প্রাথমিক সেবা প্রদানকারী, শিক্ষক এবং পক্ষসমর্থক হিসেবে পরিবারের ভূমিকা প্রচার করে।** প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল পরিবার এবং কমিউনিটির সাথে সম্পর্ক তৈরী করে যেন শিশুদের বিকাশ এবং পূরো পরিবারের মঙ্গলের জন্য অর্থবহ সুযোগ এবং রিসোর্স প্রদান করতে পারে।
{দৃঢ় পরিবার-কমিউনিটি বন্ধন)

5. **অব্যহত মান উন্নয়নের লক্ষ্যে একযোগে কার করে।** প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল ড্যাটা ব্যবহার করে যেন পরিবার এবং কমিউনিটির সাথে অংশিদারিত্বের মাধ্যমে প্রোগ্রাম এবং ক্লাসরুমের মান উন্নত করা যায়। {সহযোগিতামূলক শিক্ষকবৃন্দ}

6. **কৌশলগত নেতৃত্ব প্রদর্শন করে।** প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল একটি অংশিদারিত্বের মান সংক্রান্ত দর্শন প্রচার ও সম্পাদন করার জন্য সাংগঠনিক সংস্কৃতি, কাঠামো, এবং রিসোর্স প্রস্তত এবং ব্যবহার করে। {কার্যকর স্কুল নেতৃত্ব}

1. **উচ্চ-মানের প্রোগ্রামসমূহ ভিন্নতাকে সম্মান এবং মূল্য দেয়।**

প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল একটি কমিউনিটি তৈরীর মাধ্যমে আস্থা তৈরী করে যেখানে শিক্ষার্থী, পরিবার এবং স্টাফরা স্বাগত এবং অন্তর্ভূক্ত বোধ করে, বরণ করে নেয় বিভিন্ন প্রকার বৈচিত্র্যময়তা - এর মাঝে অন্তর্ভূক্ত, কিন্ত এতেই সীমাবদ্ধ নয়: বর্ণ, গোত্র, আর্থসামাজিক স্ট্যাটাস, বাড়ির ভাষা, জাতি, অভিবাসনের স্ট্যাটাস, সামর্থ্য, বিশেষ চাহিদা, ধর্ম, লিঙ্গ, লৈঙ্গিক প্রকাশ, যৌন অভিব্যক্তি, আবাসনগত অবস্থা, এবং সাংস্কৃতিক পটভূমি এবং অভিজ্ঞতা। {আস্থা}

**প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল...**
(যেমন: ডিরেক্টরবৃন্দ, এডুকেশন ডিরেক্টরবৃন্দ, প্রোগ্রাম ডিরেক্টরবৃন্দ, এক্সেকিউটিভ ডিরেক্টরবৃন্দ, বোর্ড অভ ডিরেক্টরবৃন্দ, স্বত্বাধিকারীরা, প্রিন্সিপ্যালবৃন্দ, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যালবৃন্দ, শিক্ষানির্দেশনা প্রদানকারী কোচেরা, মানসিক স্বাস্থ্য পেশাদার বা প্রফেশনালরা, প্যারেন্ট কোঅর্ডিনেটরবৃন্দ, ফ্যামিলি সার্ভিস কোঅর্ডিনেটরবৃন্দ)

1.1 আস্থার একাত্মতা, এবং অংশিদারিত্বের পরিবেশ লালন করে যেখানে শিক্ষার্থী, পরিবার এবং স্টাফরা প্রোগ্রামে স্বাগত এবং অন্তর্ভূক্ত বোধ করবে।

1.2 সাংস্কৃতিকভাবে সংবেদনশীল শিক্ষানির্দেশনা এবং পারিবারিক সংশ্লিষ্টতা সমর্থন করতে প্রশিক্ষণ ও রিসোর্স প্রদান করে এবং সাংস্কৃতিক ও ভাষাগতভাবে বৈচিত্র্যময় শিক্ষা সরঞ্জাম দিয়ে ক্লাসরুম সজ্জিত করে।

1.3 প্রোগ্রাম এবং কমিউনিটিতে কাঠামোগত বর্ণবাদ এবং অন্তর্নিহিত বৈষম্যের প্রভাব প্রতিফলন এবং সম্বধন করতে মডেল করে এবং স্টাফকে সহযোগিতা দেয়।

1.4 শিক্ষার্থী, পরিবার, এবং স্টাফ যাদের পরিচয় এবং অভিজ্ঞতা যে কমিউনিটিকে তারা সেবা দিচ্ছে সেগুলোকে প্রতিনিধিত্ব করে তাদেরকে নিয়োগ করে।

1.5 সকল শিক্ষার্থী এবং পরিবারের জন্য অন্তর্ভূক্ত এবং ন্যায়সঙ্গত সুযোগ ও ফলাফল প্রচার করার জন্য প্রোগ্রামের রিসোর্স বন্টন করা।

1.6 NYCDOE, অন্যান্য এজেন্সি, এবং কমিউনিটি পার্টনারদের সাথে কাজ করে নিশ্চিত করে যেন সকল শিক্ষার্থী এবং পরিবারদের চাহিদা অনুযায়ী সেবা, রিসোর্স, এবং সহযোগিতা পেতে পারে।

**প্রোগ্রামের শিক্ষা প্রদানকারী দল...**
(যেমন: লীড টিচার বা শিক্ষকবৃন্দ, স্পেশাল এডুকেশন শিক্ষকবৃন্দ; আইটিনেরান্ট শিক্ষকবৃন্দ, ফ্যামিলি ওয়ার্কার/এডুকেটর (শিক্ষাদাতা)/অ্যাডভোকেটবৃন্দ (সুপারিশ প্রদানকারী), সহ-শিক্ষকবৃন্দ, অ্যাসিসটেন্ট বা সহকারী শিক্ষকবৃন্দ, প্যারাপ্রফেশনালেরা)

1.7 আস্থার একাত্মতা, এবং অংশিদারিত্বের পরিবেশ লালন করে যেখানে শিক্ষার্থী, পরিবার এবং অন্যান্য স্টাফরা ক্লাসরুমে স্বাগত এবং অন্তর্ভূক্ত বোধ করবে।

1.8 সাংস্কৃতিকভাবে সংবেদনশীল শিক্ষণ নির্দেশনা এবং পারিবারিক সংশ্লিষ্টতার চর্চা গ্রহণ করবে, এবং সাংস্কৃতিক এবং ভাষাগতভাবে বৈচিত্র্যময় শিক্ষা উপাদানে সংশ্লিষ্ট হতে শিক্ষার্থীদের উৎসাহ দেবে।

1.9 ক্লাসরুমে কাঠামোগত বর্ণবাদ এবং অন্তর্নিহিত বৈষম্যের প্রভাব অব্যাহতভাবে প্রতিফলন এবং সম্বধন করবে।

1.10 কৌশল এবং কার্যক্রম পার্থক্যকরণ করা যেন ক্লাসরুমের সকল শিক্ষার্থীর একক চাহিদা পূরণ করা যায়, এবং একাধিক উপায়ে শেখা যায় তা প্রদর্শনের সুযোগ শিক্ষার্থী প্রদান করে।

1.11 প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দলের সাথে একযোগে কাজ করে নিশ্চিত করে, যেন সকল শিক্ষার্থী এবং পরিবারদের চাহিদা অনুযায়ী সেবা, রিসোর্স, এবং সহযোগিতা পেতে পারে।

**2. উচ্চ-মানসম্পন্ন প্রোগ্রাম নিরাপদ এবং ইতিবাচক পরিবেশ তৈরী করে।**

প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল শিক্ষার্থী, পরিবার এবং স্টাফদের জন্য স্বাস্থ্যকর, যত্নশীল, এবং ভবিষ্যৎবাচ্য পরিবেশ তৈরী করে। {সহায়ক পরিবেশ}

| **প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল...**<br>(যেমন: ডিরেক্টরবৃন্দ, এডুকেশন ডিরেক্টরবৃন্দ, প্রোগ্রাম ডিরেক্টরবৃন্দ, এক্সেকিউটিভ ডিরেক্টরবৃন্দ, বোর্ড অভ ডিরেক্টরবৃন্দ, স্বত্বাধিকারীরা, প্রিন্সিপ্যালবৃন্দ, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যালবৃন্দ, শিক্ষানির্দেশনা প্রদানকারী কোচেরা, মানসিক স্বাস্থ্য পেশাদার বা প্রফেশনালরা, প্যারেন্ট কোঅর্ডিনেটরবৃন্দ, ফ্যামিলি সার্ভিস কোঅর্ডিনেটরবৃন্দ) |
|---|
| 2.1 শিক্ষার্থী, পরিবার, এবং সকল স্টাফদের মাঝে শ্রদ্ধামূলক ভাববিনিময় এবং আস্থার সম্পর্কের জন্য প্রত্যাশা প্রতিষ্ঠা, মডেল, এবং পুনঃপ্রয়োগ করে।<br>2.2 শিশুদের সামাজিক-আবেগজনিত শিক্ষণ এবং ইতিবাচক আচরণ অগ্রসর করার জন্য সকল স্টাফকে যথাযথ প্রশিক্ষণ, রিসোর্স, এবং অব্যাহত সহযোগি প্রদান করে।<br>2.3 শিক্ষার্থী, পরিবার, এবং সকল স্টাফের চাহিদা কার্যকরভাবে মেটাতে সময়সূচী সমন্বয় করে।<br>2.4 সকল প্রোগ্রামের স্থান নিরাপদ এবং স্বাগতমূলক, এবং শিক্ষার্থী, পরিবার, এবং স্টাফদের চাহিদা পূরণ করে।<br>2.5 যথাযথ পরিমাণের উচ্চ মান সম্পন্ন উপাদান দিয়ে প্রোগ্রামের স্থান সজ্জিত করবে।<br>2.6 পরিবারদের সাথে অংশিদারিত্বের মাধ্যমে শিশুদের স্বাস্থ্য, নিরাপত্তা, এবং স্পেশাল এডুকেশনের বাধ্যবাধকতা সফলভাবে পর্যবেক্ষণ এবং পরিচালনা নিশ্চিত করে। |

| **প্রোগ্রামের শিক্ষা প্রদানকারী দল...**<br>(যেমন: লীড টিচার বা শিক্ষকবৃন্দ, স্পেশাল এডুকেশন শিক্ষকবৃন্দ; আইটিনেরান্ট শিক্ষকবৃন্দ, ফ্যামিলি ওয়ার্কার/এডুকেটর (শিক্ষাদাতা)/অ্যাডভোকেটবৃন্দ (সুপারিশ প্রদানকারী), সহ-শিক্ষকবৃন্দ, অ্যাসিসটেন্ট বা সহকারী শিক্ষকবৃন্দ, প্যারাপ্রফেশনালেরা) |
|---|
| 2.7 শিক্ষার্থী, পরিবার, এবং সকল স্টাফের মধ্যে আস্থার সম্পর্ক মডেল এবং তৈরী করে।<br>2.8 শিশুদের সামাজিক-আবেগজনিত শিক্ষণের ভিত্ তৈরী করে এবং ইতিবাচক আচরণ অগ্রসর করতে বিকাশজনিত-যথাযথ কৌশল ব্যবহার করে।<br>2.9 শিশু শিক্ষার্থীদের চাহিদা পূরণের লক্ষ্যে অব্যাহত কিন্তু নমনীয় সময়সূচী প্রয়োগ করা।<br>2.10 ইচ্ছাকৃতভাবে দিনের প্রতিটি অংশ নিরাপদ এবং সুস্বাস্থ্যকর অভ্যাস গঠনে সহায়তায় ব্যবহার করা।<br>2.11 ক্লাসরুমের পরিবেশ এমনভাবে সাজানো যেন শিশুরা অন্যদের সাথে মেলামেশা করার সুযোগ পায় এবং স্বাধীনভাবে কর্মকান্ডে সম্পৃক্ত হতে পারে।<br>2.12 পরিবারদের সাথে অংশিদারিত্বের মাধ্যমে শিশুদের স্বাস্থ্য, নিরাপত্তা, এবং স্পেশাল এডুকেশনের বাধ্যবাধকতা সফলভাবে পর্যবেক্ষণ এবং পরিচালনা নিশ্চিত করে। |

3. **প্রগতিশীল খেলাচ্ছলে শিক্ষা এবং সংবেদনশীল শিক্ষানির্দেশনার উচ্চ মানসম্পন্ন প্রোগ্রামসমূহ।**

প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল শিক্ষার্থীদের বিভিন্ন খেলা-ভিত্তিক এবং ক্রমবিকাশী যথাযথ শিক্ষা অভিজ্ঞতায় সম্পৃক্ত করে, এবং শিক্ষার্থী যেসব বিষয়ে ভাল, তার পছন্দ, এবং প্রয়োজনের উপর ভিত্তি করে শিক্ষা নির্দেশনা নিশ্চিত করবে। {কঠোর শিক্ষানির্দেশনা}

**প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল...**

(যেমন: ডিরেক্টরবৃন্দ, এডুকেশন ডিরেক্টরবৃন্দ, প্রোগ্রাম ডিরেক্টরবৃন্দ, এক্সেকিউটিভ ডিরেক্টরবৃন্দ, বোর্ড অভ ডিরেক্টরবৃন্দ, স্বত্বাধিকারীরা, প্রিন্সিপ্যালবৃন্দ, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যালবৃন্দ, শিক্ষানির্দেশনা প্রদানকারী কোচেরা, মানসিক স্বাস্থ্য পেশাদার বা প্রফেশনালরা, প্যারেন্ট কোঅর্ডিনেটরবৃন্দ, ফ্যামিলি সার্ভিস কোঅর্ডিনেটরবৃন্দ)

3.1 শেখা এবং অন্বেষণে একটি খেলা-ভিত্তিক দৃষ্টিভঙ্গী প্রতিষ্ঠা, মডেল, এবং পুনঃবলবৎ করা।

3.2 যথাযথ বয়স অনুযায়ী গবেষণা-ভিত্তিক পাঠ্যক্রম বাস্তবায়নে শিক্ষা প্রদানকারী দলকে যথাযথ প্রশিক্ষণ, রিসোর্স, এবং অব্যাহত সহযোগিতা প্রদান।

3.3 শিক্ষা প্রদানকারী দল যথাযথ প্রশিক্ষণ, উপাদান, এবং সময় পায় নিশ্চিত করা যেন তথ্যবহুল নির্দেশনা প্রদানের জন্য যথার্থ এবং নির্ভরযোগ্য স্ক্রীনিং এবং মূল্যায়নের টুল ব্যবহার করতে পারে।

3.4 যথার্থ মূল্যায়নের ড্যাটা সহ ড্যাটা সংগ্রহ ও বিশ্লেষণ করার অব্যাহত চক্রে শিক্ষা প্রদানকারী দলকে সহায়তা প্রদান।

3.5 শিক্ষা প্রদানকারী দলের ক্লাসরুমের ভেতর সবার মাঝে একযোগে পরিকল্পনা ও প্রতিফলনের অনবরত এবং ঐচ্ছিক সুযোগ রয়েছে তা নিশ্চিত করা।

**প্রোগ্রামের শিক্ষা প্রদানকারী দল...**

(যেমন: লীড টিচার বা শিক্ষকবৃন্দ, স্পেশাল এডুকেশন শিক্ষকবৃন্দ; আইটিনেরান্ট শিক্ষকবৃন্দ, ফ্যামিলি ওয়ার্কার/এডুকেটর (শিক্ষাদাতা)/অ্যাডভোকেটবৃন্দ (সুপারিশ প্রদানকারী), সহ-শিক্ষকবৃন্দ, অ্যাসিসটেন্ট বা সহকারী শিক্ষকবৃন্দ, প্যারাপ্রফেশনালেরা)

3.6 খেলা-ভিত্তিক শেখা এবং অন্বেষণ সহজতর করে।

3.7 শিশুদের উন্নয়নের সকল ক্ষেত্রে শিক্ষায় সহযোগিতা করার জন্য যথাযথ বয়স অনুযায়ী গবেষণা-ভিত্তিক পাঠ্যক্রম ব্যবহার।

3.8 ঐচ্ছিক মেলামেশার মাধ্যমে শিশুদের চিন্তাভাবনা এবং যোগাযোগের দক্ষতা বর্ধিতকরা।

3.9 ড্যাটা অব্যাহত চক্রে সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যবহার বাস্তবায়ন করা:

- পর্যবেক্ষণ এবং মেলামেশার মাধ্যমে শিশু এবং পরিবারের কাছ থেকে শিশুর জ্ঞান, দক্ষতা, এবং পছন্দ সম্পর্কে **ড্যাটা সংগ্রহ**
- একটি গবেষণা-ভিত্তিক যথার্থ মূল্যায়ন পদ্ধতি ব্যবহার করে, একটি ব্যপ্তিতে শিশুরা কীভাবে বেড়ে উঠছে এবং শিখছে তা বুঝতে **ড্যাটা বিশ্লেষণ**
- একটি ব্যপ্তিতে সকল শিশুদের বেড়ে ওঠা সহায়তা দিতে তথ্যবহুল চর্চায় **ড্যাটা ব্যবহার**

3.10 শিক্ষা নির্দেশনা প্রতিফলন এবং পরিকল্পনা করতে ক্লাসরুমের ভিতর এবং অন্যান্য স্টাফদের সাথে নিয়মিত একযোগে কাজ করা।

**4. উচ্চমান সম্পন্ন প্রোগ্রাম প্রাথমিক সেবা প্রদানকারী, শিক্ষক এবং পক্ষসমর্থক হিসেবে পরিবারের ভূমিকা প্রচার করে।**

প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল পরিবার এবং কমিউনিটির সাথে সম্পর্ক তৈরী করে যেন শিশুদের বিকাশ এবং পূরো পরিবারের মঙ্গলের জন্য অর্থবহ সূযোগ এবং রিসোর্স প্রদান করতে পারে। {দৃঢ় পরিবার-কমিউনিটি বন্ধন)

| **প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল...**<br>(যেমন: ডিরেক্টরবৃন্দ, এডুকেশন ডিরেক্টরবৃন্দ, প্রোগ্রাম ডিরেক্টরবৃন্দ, এক্সেকিউটিভ ডিরেক্টরবৃন্দ, বোর্ড অভ ডিরেক্টরবৃন্দ, স্বত্বাধিকারীরা, প্রিন্সিপ্যালবৃন্দ, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যালবৃন্দ, শিক্ষানির্দেশনা প্রদানকারী কোচেরা, মানসিক স্বাস্থ্য পেশাদার বা প্রফেশনালরা, প্যারেন্ট কোঅর্ডিনেটরবৃন্দ, ফ্যামিলি সার্ভিস কোঅর্ডিনেটরবৃন্দ) | |
|---|---|
| 4.1 | পরিবারের সাথে সংশ্লিষ্ট হতে সকল স্টাফকে সম্পর্কিত এবং সাংস্কৃতিকভাবে সংবেদনশীল প্রশিক্ষণ, রিসোর্স, এবং অব্যাহত সহযোগিতা প্রদান। |
| 4.2 | পরিবার এবং শিক্ষার্থীর শক্তি, চাহিদা, ইচ্ছা, এবং লক্ষ্যসমূহের পাশাপাশি এই লক্ষ্যগুলো অর্জনে তাদের অগ্রগতি অবহিত করতে পরিবারসমূহের সাথে অব্যাহত, উভয়-মুখি যোগাযোগের মডেল এবং সহায়তা করা |
| 4.3 | কমিউনিটি সদস্য এবং সংস্থাদের সাথে সম্পর্ক গড়ে তুলুন যা পরিবারের পছন্দ, চাহিদা, এবং লক্ষ্য সমর্থন করে। |
| 4.4 | পরিবারদের প্রোগ্রামের ও কমিউনিটির অন্যান্য পরিবারের সাথে যোগস্থাপন করার সুযোগ দেবে, যেন তারা একে অন্যকে সহায়তা করতে পারে। |
| 4.5 | এমন একটি পরিবেশ তৈরী করবে যেখানে পরিবারদের ক্লাসরুম, প্রোগ্রাম, এবং কমিউনিটির অংশীদার, নেতা এবং পরামর্শদাতা হিসেবে প্রত্যয়ন এবং ক্ষমতায়ন করা হবে। |
| 4.6 | বিভিন্ন আর্লি কেয়ার এবং এডুকেশনাল সেটিংয়ে উন্নীত হতে শিশু এবং পরিবারদের সহযোগিতা এবং পরিষেবা সমন্বয় করে। |

| **প্রোগ্রামের শিক্ষা প্রদানকারী দল...**<br>(যেমন: লীড টিচার বা শিক্ষকবৃন্দ, স্পেশাল এডুকেশন শিক্ষকবৃন্দ; আইটিনেরান্ট শিক্ষকবৃন্দ, ফ্যামিলি ওয়ার্কার/এডুকেটর (শিক্ষাদাতা)/অ্যাডভোকেটবৃন্দ (সুপারিশ প্রদানকারী), সহ-শিক্ষকবৃন্দ, অ্যাসিসটেন্ট বা সহকারী শিক্ষকবৃন্দ, প্যারাপ্রফেশনালেরা) | |
|---|---|
| 4.7 | পরিবার এবং শিক্ষার্থীর শক্তি, চাহিদা, ইচ্ছা, এবং লক্ষ্যসমূহের পাশাপাশি এই লক্ষ্যগুলো অর্জনে তাদের অগ্রগতি অবহিত করতে পরিবারসমূহের সাথে অব্যাহত, উভয়-মুখি যোগাযোগের মডেল এবং সহায়তায় সম্পৃক্ত হয় |
| 4.8 | পিতামাতাদের তাদের সন্তানের ক্লাসরুম পরিদর্শন করতে এবং তাদের প্রতিদিনের শিক্ষায় অংশগ্রহণ করতে আমন্ত্রণ জানানো হয়। |
| 4.9 | শিক্ষার্থীদের শেখা এবং উন্নয়নে সহায়তা দেয়ার জন্য পরিবারের দক্ষতা বৃদ্ধিতে সুযোগ প্রদান। |
| 4.10 | তাদের নিজেদের জন্য এবং তাদের সন্তানদের চাহিদা এবং লক্ষ্য অর্জনে যথাযথ রিসোর্সের সাথে পরিবারদের সাথে যোগাযোগ করাবে। |
| 4.11 | পরিবারদের ক্লাসরুম, প্রোগ্রাম, এবং কমিউনিটির অংশীদার, নেতা এবং পরামর্শদাতা হিসেবে সেবা করার সুযোগ প্রদান। |
| 4.12 | বিভিন্ন এডুকেশনাল সেটিংয়ে এবং সেথেকে উন্নীত হতে শিশু এবং পরিবারদের সহযোগিতা প্রদান করতে তথ্য এবং যোগাযোগ প্রদান করে |

5. উচ্চমান সম্পন্ন প্রোগ্রামগুলো অব্যহত মান উন্নয়নের লক্ষ্যে একযোগে কার করে।

প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল ড্যাটা ব্যবহার করে যেন পরিবার এবং কমিউনিটির সাথে অংশিদারিত্বের মাধ্যমে প্রোগ্রাম এবং ক্লাসরুমের মান উন্নত করা যায়। {সহযোগিতামূলক শিক্ষকবৃন্দ}

**প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল...**
(যেমন: ডিরেক্টরবৃন্দ, এডুকেশন ডিরেক্টরবৃন্দ, প্রোগ্রাম ডিরেক্টরবৃন্দ, এক্সেকিউটিভ ডিরেক্টরবৃন্দ, বোর্ড অভ ডিরেক্টরবৃন্দ, স্বত্বাধিকারীরা, প্রিন্সিপ্যালবৃন্দ, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যালবৃন্দ, শিক্ষানির্দেশনা প্রদানকারী কোচেরা, মানসিক স্বাস্থ্য পেশাদার বা প্রফেশনালরা, প্যারেন্ট কোঅর্ডিনেটরবৃন্দ, ফ্যামিলি সার্ভিস কোঅর্ডিনেটরবৃন্দ)

5.1 প্রোগ্রামের শক্তিশালী দিকগুলো এবং অগ্রগতির ক্ষেত্রগুলো সম্পর্কে জানতে স্টাফ এবং পরিবারদের কাছ থেকে সক্রিয়ভাবে মতামত গ্রহণ করে।

5.2 প্রতিফলিত চর্চা মডেল করা, পেশাদারী লক্ষ্য নির্ধারণ, এবং অন্যান্য নেতৃস্থানীয়দের সাথে শেখার অভিজ্ঞতায় সম্পৃক্ত হয়।

5.3 ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) শক্তিশালী এবং অগ্রগতির ক্ষেত্রের পাশাপাশি কার্যকর করার যোগ্য পরবর্তী ধাপসমূহের উপর স্টাফদের নিয়মিত গঠনমূলক, প্রামান্য ভিত্তিক মতামত প্রদান করে।

5.4 স্টাফদের পেশাগত শিক্ষা তাদের ব্যক্তিক লক্ষ্য এবং প্রোগ্রামের লক্ষ্য নির্ণয় অথবা পার্থক্যকৃত সুযোগ প্রদান করে।

5.5 প্রোগ্রামের মান উন্নয়নে NYCDOE, অন্যান্য এজেন্সী, এবং কমিউনিটি পার্টনারদের সাথে একযোগে কাজ করে।

5.6 প্রোগ্রামের মান সম্পর্কে ড্যাটা সংগ্রহ, পর্যালোচনা এবং ব্যবহারের অব্যহত চক্রে সম্পৃক্ত হওয়া; যা স্টাফ, পরিবার, এবং কমিউনিটির সাথে অংশীদারীত্বের মাধ্যমে:

- বিভিন্ন মাধ্যম এবং একাধিক স্তর (শিশু, শিক্ষক, ক্লাসরুম, পরিবার, কমিউনিটি, প্রোগ্রাম) থেকে **ড্যাটা সংগ্রহ** করে
- প্রোগ্রামের শক্তিশালী দিক এবং অগ্রগতির ক্ষেত্রগুলো চিহ্নিত করতে **ড্যাটা বিশ্লেষণ** করে
- প্রোগ্রামের লক্ষ্য পরিকল্পনা এবং অব্যাহত মান উন্নয়নের তথ্য পেতে **ড্যাটা ব্যবহার** করে

**প্রোগ্রামের শিক্ষা প্রদানকারী দল...**
(যেমন: লীড টিচার বা শিক্ষকবৃন্দ, স্পেশাল এডুকেশন শিক্ষকবৃন্দ; আইটিনেরান্ট শিক্ষকবৃন্দ, ফ্যামিলি ওয়ার্কার/এডুকেটর (শিক্ষাদাতা)/অ্যাডভোকেটবৃন্দ (সুপারিশ প্রদানকারী), সহ-শিক্ষকবৃন্দ, অ্যাসিসটেন্ট বা সহকারী শিক্ষকবৃন্দ, প্যারাপ্রফেশনালেরা)

5.7 ক্লাসরুমের শক্তিশালী দিকগুলো এবং অগ্রগতির ক্ষেত্রগুলো সম্পর্কে জানতে পরিবারদের কাছ থেকে সক্রিয়ভাবে মতামত গ্রহণ করে।

5.8 পেশাগত লক্ষ্য এবং ক্লাসরুমের চর্চা উন্নত করতে নিয়মিতভাবে তাদের নিজেদের ব্যক্তিক (ইন্ডিভিজ্যুয়াল) শক্তি এবং অগ্রগতির ক্ষেত্রগুলোর প্রতি প্রতিফলন করে।

5.9 তাদের নিজস্ব লক্ষ্য এবং প্রোগ্রামের লক্ষ্য সমতা রক্ষাকারী পেশাগত শিক্ষা অভিজ্ঞতা চিহ্নিতকরণ এবং সম্পৃক্ত হওয়া, এবং অন্যান্য আর্লি চাইল্ডহুড প্রফেশনালদের কাছ থেকে শেখার সুযোগ সন্ধান করে।

5.10 মান উন্নয়নে প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দলকে শক্তিশালী দিক, চ্যালেঞ্জ, এবং সুযোগসমূহ সম্পর্কে মতামত প্রদান করে।

5.11 ক্লাসরুমের মান উন্নয়নে NYCDOE-এর সহযোগিতা প্রদানকারী স্টাফ, অন্যান্য এজেন্সী, এবং কমিউনিটি পার্টনারদের সাথে সক্রিয়ভাবে সম্পৃক্ত হয়।

5.12 লক্ষ্য স্থাপন এবং অব্যাহত মান উন্নয়নের তথ্য প্রদানে প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল, অন্যান্য স্টাফ, পরিবার, এবং কমিউনিটির সাথে একযোগে কাজ করে।

**6. উচ্চমান সম্পন্ন প্রোগ্রাম কৌশলগত নেতৃত্ব প্রদর্শন করে**

প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল এবং শিক্ষা প্রদানকারী দল একটি অংশিদারিত্বের মান সংক্রান্ত দর্শন প্রচার ও সম্পাদন করার জন্য সাংগঠনিক সংস্কৃতি, কাঠামো, এবং রিসোর্স প্রস্তুত এবং ব্যবহার করে। {কার্যকর স্কুল নেতৃত্ব}

**প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল...**
(যেমন: ডিরেক্টরবৃন্দ, এডুকেশন ডিরেক্টরবৃন্দ, প্রোগ্রাম ডিরেক্টরবৃন্দ, এক্সেকিউটিভ ডিরেক্টরবৃন্দ, বোর্ড অভ ডিরেক্টরবৃন্দ, স্বত্বাধিকারীরা, প্রিন্সিপ্যালবৃন্দ, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যালবৃন্দ, শিক্ষানির্দেশনা প্রদানকারী কোচেরা, মানসিক স্বাস্থ্য পেশাদার বা প্রফেশনালরা, প্যারেন্ট কোঅর্ডিনেটরবৃন্দ, ফ্যামিলি সার্ভিস কোঅর্ডিনেটরবৃন্দ)

6.1 স্টাফ, পরিবার, এবং কমিউনিটির সাথে অংশীদারীত্বে দীর্ঘ-মেয়াদী প্রোগ্রামের মানের জন্য একটি বাধ্যতামূলক দৃষ্টিভঙ্গী প্রস্তুত এবং প্রচার করে।

6.2 যোগ্য স্টাফ সংগ্রহ, নিয়োগ, এবং ধরে রাখা, এবং স্টাফদের অর্থবহ সুযোগ প্রদান করে।

6.3 একটি প্রাতিষ্ঠানিক সংস্কৃতি গড়ে তুলতে এবং অব্যাহত রাখতে স্টাফ, ফ্যামিলি, এবং কমিউনিটির সাথে একটি শেয়ারকৃত প্রোগ্রামের দৃষ্টিভঙ্গীর লক্ষ্যে কাজ করে।

6.4 প্রোগ্রামের অভ্যন্তরে স্পষ্ট ভূমিকা এবং দায়িত্ব প্রতিষ্ঠা এবং প্রচার এবং ন্যায্য ও দায়বদ্ধতার অব্যাহত প্রক্রিয়া বাস্তবায়ন করে।

6.5 কার্যকর এবং দীর্ঘস্থায়ী প্রোগ্রাম পরিচালনার সিস্টেম তৈরী এবং বাস্তবায়ন করে।

6.6 প্রোগ্রামের দৃষ্টিভঙ্গীর সাথে রিসোর্স কৌশলগতভাবে সামঞ্জস্যকৃত করতে জবাবদিহিমূলক বাজেট প্রস্তুত এবং অর্থ ব্যবস্থাপনার চর্চা ব্যবহার করে।

**প্রোগ্রামের শিক্ষা প্রদানকারী দল...**
(যেমন: লীড টিচার বা শিক্ষকবৃন্দ, স্পেশাল এডুকেশন শিক্ষকবৃন্দ; আইটিনেরান্ট শিক্ষকবৃন্দ, ফ্যামিলি ওয়ার্কার/এডুকেটর (শিক্ষাদাতা)/অ্যাডভোকেটবৃন্দ (সুপারিশ প্রদানকারী), সহ-শিক্ষকবৃন্দ, অ্যাসিসটেন্ট বা সহকারী শিক্ষকবৃন্দ, প্যারাপ্রফেশনালেরা)

6.7 একটি শেয়ারকৃত প্রোগ্রামের দর্শন তৈরীতে এবং প্রচারে প্রোগ্রামের নেতৃত্বপ্রদানকারী দল, পরিবার এবং কমিউনিটির সাথে একযোগে কাজ করে।

6.8 শেয়ারকৃত প্রোগ্রামের দর্শনে সহায়তা করবে এমন একটি প্রাতিষ্ঠানিক সংস্কৃতি গড়ে তুলতে অবদান রাখে।

6.9 শেয়ারকৃত প্রোগ্রামের দর্শন প্রতিফলন এবং অগ্রসর করে এমন একটি ক্লাসরুম কমিউনিটি গড়ে তোলে।

6.10 ক্লাসরুমের মান সংক্রান্ত সকল বিষয়ে সহায়তা করতে সিস্টেম গ্রহণ, পরিমার্জন, এবং বাস্তবায়ন করে।

6.11 নিয়োগ সংক্রান্ত এবং সরঞ্জামের প্রয়োজনীয়তা সক্রিয়ভাবে চিহ্নিত করে এবং জানিয়ে দেয়, এবং তাদের ক্লাসরুমের কমিউনিটিকে উন্নত করতে রিসোর্স কার্যকরভাবে ব্যবহার করে।